



সীতাকুণ্ড ইকোপার্কে গলায় ছুরিকাঘাত, চিকিৎসাধীন শিশুর মৃত্যু



সংগৃহীত ছবি

চট্টগ্রামের সীতাকুণ্ড ইকোপার্ক এলাকা থেকে গলায় ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর জখম অবস্থায় উদ্ধার হওয়া শিশুটি শেষ পর্যন্ত মারা গেছে। মঙ্গলবার (৩ মার্চ) ভোরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল—এর আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। বিষয়টি নিশ্চিত করেছেন নিহত শিশুটির চাচা মো. রমিজ। রোববার সকালে ইকোপার্কের ভেতরে সড়ক সংস্কারের কাজে থাকা শ্রমিকরা তাকে রক্তাক্ত অবস্থায় দেখতে পান। পরে দ্রুত তাকে উদ্ধার করে পরিবারের সহায়তায় হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় ওই রাতেই অজ্ঞাত ব্যক্তিদের বিরুদ্ধে অপহরণ ও হত্যার অভিযোগ এনে মামলা দায়ের করেন শিশুটির মা।

পুলিশ জানায়, শিশুটির বাড়ি কুমিরা ইউনিয়নের মছজিদদা (মাস্টারপাড়া) এলাকায়। বাড়ি থেকে ইকোপার্কের দূরত্ব প্রায় ১৪ কিলোমিটার। কীভাবে সে সেখানে গেল, কেউ জোর করে নিয়ে গিয়েছিল কি না কিংবা পরিকল্পিতভাবে এই হামলা চালানো হয়েছে কি না—এসব প্রশ্নের উত্তর খুঁজতে তদন্ত চলছে।